


নিজে সোয়াব টেস্ট করার নির্দেশাবলী

কুইডেল কুইকভিউ অ্যান্টিজেন র‍্যাপিড টেস্টের জন্য



সোয়াব টেস্ট শুরু করবেন না যদি:



গত ২৪ ঘন্টায়
আপনার নাক থেকে
রক্ত পড়ে থাকে



গত ৪ সপ্তাহে আপনার
নাকের অস্ত্রোপচার
(সার্জারি) হয়ে থাকে




গত ৮ সপ্তাহে
আপনার মুখে আঘাত
লেগে থাকে

সোয়াব টেস্টের পদ্ধতি

- 1 টেস্ট শুরু করার আগে
দয়া করে আপনার হাত
পরিষ্কার করে নিন।



- 2 আগে থেকেই ভর্তি থাকা একটি
টিউব থেকে ক্যাপটি সরান এবং
টিউবটি টিউব হোল্ডারের মধ্যে
আবার রাখুন।




- 3 নাকের সোয়াব থেকে
মোড়কটি খুলুন।




সোয়াবের মাথায়
স্পর্শ করবেন না।


- 4 সোয়াবটি নাকের ছিদ্রের ভিতরে ঢুকান (১.৫ সেমি
থেকে ২ সেমি)। সোয়াবটি নাকের প্রতিটি ছিদ্রের
ভিতরের চামড়ার চারপাশে কমপক্ষে ৪ বার
ঘষুন। নমুনা সংগ্রহ করতে ১৫ সেকেন্ড সময়
নিন।



- 5 টিউবটির নীচে ধরে
অবিলম্বে আগে থেকেই
ভরা খোলা টিউবটিতে
সোয়াব রাখুন।
সোয়াবটি ৩ বা ৪
বার নাড়ুন বা
ঘুরান।




- 6 কমপক্ষে এক মিনিটের
জন্য টিউবটিতে সোয়াব
রেখে দিন।



কমপক্ষে ১
মিনিটের জন্য
সোয়াবটি
রেখে দিন!

- 7 সোয়াব বের করার সময় যতটা সম্ভব তরল বের করতে টিউবের
দেওয়ালের সাথে সোয়াবের মাথাটি ঘষুন। সোয়াবের মাথায় হাত দিয়ে
স্পর্শ করবেন না। বায়োহাজার্ড ব্যাগে সোয়াবটি ফেলে দিন।




নিজে সোয়াব টেস্ট করার নির্দেশাবলী

কুইডেল কুইকভিউ অ্যান্টিজেন ব্যাপিড টেস্টের জন্য

সোয়াব টেস্টের পদ্ধতি

- 8 টেস্ট স্ট্রিপ প্রস্তুত করার জন্য টিয়ার হেয়ার (tear here) মার্ক করা জায়গাতে স্ট্রিপ পাউচটি খুলুন। টেস্ট স্ট্রিপটি সাবধানে সরান এবং কেবল স্ট্রিপের উপরের অংশটি ধরে রাখুন।



- 9 টেস্ট স্ট্রিপটি আগে থেকেই ভরা টিউবে রাখুন যাতে তীরের মাথা নীচের দিকে থাকে।

কমপক্ষে ১০ মিনিটের জন্য স্ট্রিপটি রেখে দিন!




- 10 টেস্ট স্ট্রিপে ফলাফল পরীক্ষা করার আগে ১০ মিনিটের জন্য অপেক্ষা করুন।



- 11 ভুল ফলাফল এড়াতে টেস্ট স্ট্রিপটি আগে থেকেই ভরা টিউব থেকে সরানোর পরে ৫ মিনিটের মধ্যে পড়তে হবে। দয়া করে এই সময়ে টেস্ট স্ট্রিপটি একটি সমতল পৃষ্ঠের উপর রাখুন।


পজিটিভ ফলাফল



নেগেটিভ ফলাফল



অকার্যকর ফলাফল



- গোলাপী-থেকে-লাল রংয়ের টেস্ট লাইনের যে কোনও রংয়ের উপস্থিতি এবং একটি নীল প্রক্রিয়াজাতীয় কন্ট্রোল লাইনের উপস্থিতি **টেস্টের ফলাফল পজিটিভ হয়েছে তা** নির্দেশ করে।
- কেবলমাত্র নীল প্রক্রিয়াজাতীয় কন্ট্রোল লাইনের উপস্থিতি **টেস্টের ফলাফল নেগেটিভ হয়েছে তা** নির্দেশ করে।
- গোলাপী-থেকে-লাল টেস্ট লাইনের কোনও রংয়ের উপস্থিতি থাকা সত্ত্বেও যদি নীল কন্ট্রোল লাইনটি না দেখা যায় বা পিছনের রঙটি পরিষ্কার না হয় এবং টেস্টের ফলাফলের সাথে বাধাস্বরূপ হয়, **তাহলে ফলাফলটি অকার্যকর।** দয়া করে টেস্টটি অন্য টেস্ট কিটে আবার করুন।



যদি টেস্টের ফলাফল পজিটিভ হয় বা ফলাফল দুইবার অকার্যকর হয়, আরও মূল্যায়ন এবং নিশ্চিতকরণমূলক পরীক্ষার জন্য দয়া করে ডাক্তারের সাহায্য নিন।

12

টেস্টের পরে আপনার হাত পরিষ্কার করুন।

